# হ্যারিকেন বিপর্যয় প্রতিক্রিয়া

**পটভূমি:**

হ্যারিকেন হল তীব্র ঘূর্ণি ঝড়, সাধারণত এতে প্রচুর পরিমানে বৃষ্টি হয় এবং প্রতি ঘন্টায় 74 মাইল বেগে বা তারও বেশি বেগে হাওয়া দেয়। হারিকেনের ফলে আকস্মিক বন্যা, গাছপালা ভেঙে পড়া, বৈদ্যুতিক তার ছিড়ে পড়া, বৈদ্যুতিক বিপর্যয় এবং পথে প্রচুর পরিমানে ধ্বংসস্তুপও হতে পারে। হারিকেনের সম্ভাবনা সবথেকে বেশি থাকে আগস্ট এবং সেপ্টেম্বর মাসে; যদিও হারিকেনের সময় বিস্তৃত 1লা জুন থেকে 30শে নভেম্বর পর্যন্ত।

হারিকেনের তীব্রতা বুঝতে, কি হতে চলেছে এবং কি কি সতর্কতা নেওয়া দরকার, **সেই সম্বন্ধে মানুষকে অবগত করার জন্য** ন্যাশনাল ওয়েদার সার্ভিস বা জাতীয় আবহাওয়া **পরিষেবা** হ্যারিকেন "ওয়াচ বা পর্যবেক্ষণ” এবং “ওয়ার্নিং বা সতর্কীকরণ” জারী করতে পারে। ***ওয়াচ*** এবং ***ওয়ার্নিং–***এর পার্থক্য নিম্নে দেওয়া হল:

- হ্যারিকেন ***ওয়াচ–***এর অর্থ হল 36 ঘন্টার মধ্যে হ্যারিকেন আসার সম্ভাবনা রয়েছে।
- হ্যারিকেন ***ওয়ার্নিং–***এর অর্থ হল 24 ঘন্টা বা তার কম সময়ের মধ্যে হ্যারিকেন আসার সম্ভাবনা রয়েছে।

| হ্যারিকেন আসার আগে: |
|---|
| **হারিকেনের জন্য তৈরি থাকতে, আপনাকে নিম্নে উল্লেখিত ব্যবস্থাগুলি নিতে হবে :**<br><br>☐ আপনার সম্পত্তি সুরক্ষিত রাখার জন্য পরিকল্পনা করুন। স্থায়ী ঝড় শাটার জানলাগুলিকে সবচেয়ে ভালো সুরক্ষা দিতে পারে। দ্বিতীয় বিকল্পটি হল বড় জানালাগুলি ভেঙ্গের পড়া প্রতিহত করতে 5/8” ম্যারিন প্লাইউড কাটুন এবং জানালাগুলিতে লাগিয়ে দিন। টেপ বা ফিতে জালনাগুলোকে ভাঙ্গা থেকে সুরক্ষিত করতে পারে না।<br>☐ কাঠামোর সাথে ছাদকে শক্ত করে বাঁধার জন্য স্ট্র্যাপ বা অতিরিক্ত ক্লিপ লাগান। এর ফলে ছাদের ক্ষতি কম হবে।<br>☐ নিশ্চিত করুন যে আপনার বাড়ির চারিদিকের গাছপালাগুলোকে ভালোভাবে ছেটে ফেলা হয়েছে।<br>☐ বৃষ্টির জল প্রবাহিত হওয়ার নর্দমা এবং ডাউনস্পাউটগুলো যদি আলগা এবং জমাট বাঁধা থাকে তবে তা পরিষ্কার করে দিন।<br>☐ আপনার নৌকা কোথায় এবং কিভাবে নিরাপদে রাখবেন তা নিশ্চিত করুন।<br>☐ একটি নিরাপদ ঘর নির্মাণ করার কথা বিবেচনা করুন। |
| **হ্যারিকেনের সময়:** |

ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া সরকার
রচনা:
হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (HSEMA)

**সর্বশেষ সংশোধিত: নভেম্বর, 2011**

# হ্যারিকেন বিপর্যয় প্রতিক্রিয়া

**আপনার এলাকাতে যদি হ্যারিকেন হয়, তবে আপনার উচিত:**

- তথ্যের জন্য রেডিও এবং টিভি শোনা।
- আপনার বাড়িকে নিরাপদ করুন, স্ট্রম শাটারগুলোকে বন্ধ করুন এবং ঘরের বাইরের জিনিসগুলোকে নিরাপদ করুন অথবা সেগুলোকে ঘরের ভেতরে নিয়ে আসুন।
- যদি নির্দেশ দেওয়া হয় তবে ঘরের প্রয়োজনীয় জিনিসগুলোকে বন্ধ করে রাখুন। নাহলে, রেফ্রিজারেটরের থার্মোস্ট্যাটকে সব থেকে বেশী ঠান্ডা অবস্থায় রেখে দরজা বন্ধ করে রাখুন।
- প্রোপেন ট্যাঙ্কগুলি বন্ধ করে রাখুন। খুব জরুরী প্রয়োজন না হলে ফোন ব্যবহার করবেন না।
- সময় পেলে আপনার নৌকাটিকে কাছি দিয়ে বাঁধুন।
- পরিষ্কার করার কাজের জন্য এবং শৌচালয়ে ব্যবহারের জন্য জলের সরবরাহ নিশ্চিত করুন। বাথটাব এবং অন্যান্য বড় বড় পাত্রে জল ভরে রাখুন।

**নিম্নের অবস্থাগুলি হলে আপনাকে সেই স্থান পরিত্যাগ করতে হবে:**

- যদি আঞ্চলিক কর্তৃপক্ষ এই নির্দেশ দেন। তাদের নির্দেশ পালন করুন।
- আপনি যদি একটি চলমান অথবা অস্থায়ী বাড়িতে বাস করেন তবে সেই সমস্ত বাসস্থান যতই শক্ত করে মাটির সাথে বাঁধা হোক না কেন হ্যারিকেনের সময় সেগুলোই সবচেয়ে বেশি মারাত্মক।
- আপনি যদি কোনো উঁচু বাড়িতে বসবাস করেন – হ্যারিকেন ঝড় উঁচু জায়গায় বেশি শক্তিশালী হয়।
- যদি আপনি উপকূলে, বন্যাবিধ্বস্ত সমভূমিতে, নদীর ধারে অথবা অন্তর্দেশীয় জলপথের ধারে বাস করেন।
- আপনার যদি মনে হয় আপনি বিপদে রয়েছেন।

**আপনি যদি স্থান পরিত্যাগ করতে না পারেন, তবে আপনার নিরাপদ ঘরে যান। আপনার যদি সেটাও না থাকে, তবে নিম্নলিখিত নির্দেশগুলি পালন করুন:**

- হ্যারিকেনের সময় ঘরের ভেতরে থাকুন এবং জানলা ও কাঁচের দরজা থেকে দূরে থাকুন।
- বাড়ির ভেতরের সমস্ত দরজা বন্ধ করে রাখুন – বাইরের দরজা বন্ধনী দিয়ে আটকান এবং নিরাপদ করুন।
- সব পর্দা বন্ধ করে রাখুন। সবকিছু শান্ত হয়ে গেলেও নিশ্চিন্ত হবেন না; এইটি পুনরায় ঝড়ের পূর্বাভাস হতে পারে – আবার ঝড় উঠবে।
- যতটা সম্ভব নিচে একটি বন্ধ ছোট ঘরে আশ্রয় নিন।
- ঘরের মেঝেতে কোনো টেবিল বা শক্ত বস্তুর নিচে শুয়ে পড়ুন।

## হ্যারিকেনের পরে:

যে কোনো বিপর্যয় থেকে উদ্ধার পাওয়া সাধারণত একটি ধীর প্রক্রিয়া। শারীরিক সুরক্ষার সাথে সাথে প্রথমিক বিষয় হল নিরাপত্তা।

ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া সরকার
রচনা:
হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (HSEMA)

**সর্বশেষ সংশোধিত: নভেম্বর, 2011**